

ঢাকা বিশ্ববিদ্যালয়

সিন্ডিকেট নির্বাচন সমাগত ॥

ক্যাম্পাস সরগরম

আনোয়ার আলদীন ॥ আগামী ১২ই নভেম্বর অনুষ্ঠিতব্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট, একাডেমিক পরিষদ ও ফাইন্যান্স কমিটিতে ১৩ জন শিক্ষক প্রতিনিধি নির্বাচনের প্রচার-প্রচারণা এখন শুরু। বিশ্ববিদ্যালয়ের আওয়ামী লীগ সমর্থক শিক্ষকদের 'নীল' দল, বিএনপি সমর্থকদের 'সাদা' দল এবং নিরপেক্ষতার

দাবীদার 'গোলাপী' দলের শিক্ষকরা এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতেছেন। এই তিনটি পৃথক প্যানেল হইতে (১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

ঢাকা বিশ্ববিদ্যালয়

(প্রথম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয়ের প্রায় ১১ শত ভোটার শিক্ষক প্রত্যক্ষ ভোট প্রদানের মাধ্যমে সিন্ডিকেটে ৬ জন, একাডেমিক পরিষদে ৬ জন এবং ফাইন্যান্স কমিটিতে একজন শিক্ষক প্রতিনিধি নির্বাচন করিবেন। গুরুত্বপূর্ণ এই নির্বাচনকে ঘিরিয়া শিক্ষক লাউঞ্জ, বিশ্ববিদ্যালয় ক্লাব, শিক্ষকদের অফিস এবং শিক্ষকদের বাসা বাড়ী সর্বত্র জমজমাট অবস্থা। সকাল হইতে মধ্যরাত অবধি প্রার্থী এবং সমর্থক শিক্ষকরা ভোট প্রার্থনা ও প্রচার-প্রচারণায় ব্যস্ত।

নির্বাচনে শিক্ষকদের 'নীল' ও 'সাদা' দল পূর্ণ প্যানেল দিলেও অধ্যাপক সাদ উদ্দিনের নেতৃত্বাধীন 'গোলাপী' দলের একাংশ মাত্র ৫টি পদে প্রতিদ্বন্দ্বিতায় অবতীর্ণ হইয়াছেন। গোলাপী দলের অপর অংশ ইতিহাস বিভাগের প্রফেসর আবদুল মমিন চৌধুরীর নেতৃত্বে নির্বাচন প্রক্রিয়ার সূচনাপর্বে বিএনপি সমর্থক সাদা দলে যোগদান করে। জামায়াতে ইসলামী সমর্থক শিক্ষকদের অপর সাদা অংশটিও বিএনপিকে সমর্থন দিয়াছে।

নির্বাচনে নীল দলের শিক্ষকরা গত দুই বছরে বিশ্ববিদ্যালয়ে ব্যাপক উন্নয়ন কর্মকাণ্ডকে প্রচারণায় প্রাধান্য দিতেছে। নীল দলের নির্বাচনী মেনিফেস্টোতে থাকিতেছে : সর্বাধুনিক শিক্ষা ব্যবস্থায় শিক্ষকদের সর্বোচ্চ সুযোগ-সুবিধার নিশ্চয়তা, প্রতিটি বিভাগকে কম্পিউটারায়ন ও ইন্টারনেটের আওতায় আনা, তরুণ শিক্ষকদের উচ্চ শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে সর্বতোভাবে সহযোগিতা, শিক্ষকদের দীর্ঘদিনের আবাসন সমস্যার-সমাধান ইত্যাদি। নীল দল উল্লেখ করিতেছে যে, গত দুই বছরে বিশ্ববিদ্যালয়ে 'বিরাত' উন্নয়ন সাধিত হইয়াছে। প্রায় একশত কোটি টাকার উন্নয়ন প্রকল্প আগাইয়া চলিয়াছে, বঙ্গবন্ধু বস্তির পুনঃ প্রবর্তন হইয়াছে, ৩টি নূতন বিভাগ খোলা হইয়াছে, সন্ত্রাস হ্রাস পাইয়াছে।

অপরদিকে বিএনপি সমর্থক শিক্ষকরা তাহাদের নির্বাচনী প্রচারণা ও মেনিফেস্টোতে বলিতেছে যে : বর্তমান বিশ্ববিদ্যালয় প্রশাসন দলীয়করণের নগ্নতা প্রদর্শন করিয়া চলিয়াছে। শিক্ষক নিয়োগ, পদোন্নতি এবং প্রশাসনিক কর্মকাণ্ডে অনিয়মের আশ্রয় নেওয়া হইতেছে। সাদা দল বলিতেছে : তাহাদের প্রার্থী জয়ী হইলে দলীয়করণের অবসান ঘটাইতে ভূমিকা রাখিবে। তাহারা নিরপেক্ষতা প্রদর্শন করিবে।

আওয়ামী লীগ সমর্থক নীল দল হইতে সিন্ডিকেটে শিক্ষক প্রতিনিধি হিসাবে যাহারা প্রতিদ্বন্দ্বিতা করিতেছেন তাহারা হইলেন : 'ডীন ক্যাটাগরিতে' কলা অনুষদের ডীন ডঃ কাজী শহীদুল্লাহ, 'প্রভাষক ক্যাটাগরিতে' বঙ্গবন্ধু হলের

প্রভাট ডঃ মোঃ আবদুল আজিজ, 'অধ্যাপক ক্যাটাগরিতে' অর্থনীতির অধ্যাপক ডঃ এটিএম জহুরুল হক, 'সহযোগী অধ্যাপক' ক্যাটাগরিতে মৃত্তিকা বিজ্ঞানের ডঃ সহিদ আজহার হোসেন, 'সহকারী অধ্যাপক' ক্যাটাগরিতে শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউটের কাজী আফরোজ জাহান আরা এবং 'প্রভাষক ক্যাটাগরিতে' ফাইন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের আজহার আলী চৌধুরী। একাডেমিক পরিষদে সহযোগী অধ্যাপক প্রতিনিধি ভূতত্ত্বের ডঃ সৈয়দ হুমায়ুন আখতার, ব্যবসায় প্রশাসন ইন্সটিটিউটের ডঃ একেএম সাইফুল মজিদ, গণিত বিভাগের ডঃ অমল কৃষ্ণ হালদার। সহযোগী অধ্যাপক ও প্রভাষক প্রতিনিধিরা হইলেনঃ প্রাণ রসায়ন বিভাগের ডঃ এমরান কবীর চৌধুরী, ভাষাতত্ত্বের ডঃ মোহাম্মদ জিনাত আলী ও আইন বিভাগের শাকিলা ফাহিমদা রহমান। ইহাছাড়া ফাইন্যান্স কমিটির একটি পদে ডঃ ইফতেখার গনি চৌধুরী। 'সাদা' দলের সিন্ডিকেটের প্রতিনিধি নির্বাচনে প্রার্থী হইলেন : ডীন ক্যাটাগরিতে জীববিজ্ঞান অনুষদের ডীন ডঃ একেএম সিরাজুল ইসলাম বান, প্রভাট ক্যাটাগরিতে সূর্যসেন হলের প্রভাট ও শিক্ষক সমিতির সভাপতি ডঃ আ.ফ.ম ইউসুফ হায়দার। 'অধ্যাপক ক্যাটাগরিতে' ইতিহাসের ডঃ আবদুল মমিন চৌধুরী, সহযোগী অধ্যাপক ক্যাটাগরিতে রসায়নের ডঃ মোঃ আনোয়ারুল ইসলাম, সহকারী অধ্যাপক ক্যাটাগরিতে ফিন্যান্স এন্ড ব্যাংকিং-এর ডঃ জাহাঙ্গীর হোসেন সরদার এবং 'প্রভাষক' ক্যাটাগরিতে হিসাববিজ্ঞানের মোঃ মহব্বত আলী। একাডেমিক পরিষদে সহযোগী অধ্যাপক ক্যাটাগরিতে সমাজবিজ্ঞানের মাসুদা এম রশীদ, প্রাণ রসায়নের ডঃ এনায়েতুল হক এবং মৃত্তিকা বিজ্ঞানের ডঃ মোঃ মাহবুবুর রহমান। সহকারী অধ্যাপক ও প্রভাষক ক্যাটাগরিতে নৃবিজ্ঞানের ডঃ আহসান আলী, পরিসংখ্যান বিভাগের মোঃ লুৎফর রহমান ও বাংলা বিভাগের জামরুল হাসান বেগ। ফাইন্যান্স কমিটিতে আইবিএ'র অধ্যাপক রহিম বি তালুকদার।

সিন্ডিকেটে গোলাপী দলের ৫ জন প্রার্থী হইলেন : প্রভাট ক্যাটাগরিতে জিয়া হলের প্রভাট ডঃ এআই মাহবুব উদ্দিন আহমদ, অধ্যাপক ক্যাটাগরিতে রসায়নের ডঃ এএইচ মঈন উদ্দিন আহমদ, সহযোগী অধ্যাপক ক্যাটাগরিতে সমাজবিজ্ঞানের ডঃ নেহাল করিম এবং সহকারী অধ্যাপক ক্যাটাগরিতে দর্শনের ডঃ সানাউদ্দিন আহমদ এবং ফাইন্যান্স কমিটিতে ব্যবস্থাপনা বিভাগের ডঃ মোঃ মহিউদ্দিন।

১২ই নভেম্বর সকাল ৯টা হইতে দুপুর ১টা পর্যন্ত টিএসসিতে ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে।